উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চিতলমারী, বাগেরহাট।
www.chitalmari.bagerhat.gov.bd

১৮মাঘ, ১৪২৯বঙ্গাব্দ।

স্মারক নং-০৫.৪৪.০১১৪.০০০.৫৫.০০১.২৩-৮১ তারিখ : -----------------------------

০১ ফেব্রুয়ারি, ২০২৩খ্রিস্টাব্দ।

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ০৬ আশ্বিন, ১৪১৮/২১ সেপ্টেম্বর ২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারিকৃত সরকার হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা মোতাবেক বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন নিম্নোক্ত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩০ সালের (০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) এক বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

হাট-বাজারের নাম :

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩০ সালের জন্য সরকারি মূল্য | দরপত্র সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১। | বড়গুণী হাট-বাজার | বড়বাড়ীয়া | ১১,৮৭৫/- | ৫০০/- |
| ২। | বড়বাড়ীয়া হাট-বাজার | বড়বাড়ীয়া | ৩,৪৬,০৫৫/- | ১৪০০/- |
| ৩। | শৈলদাহ হাট-বাজার | কলাতলা | ২৪,১৮,৫৬৫/- | ৫৬০০/- |
| ৪। | কাননচক হাট-বাজার | কলাতলা | ১,৯১,০৭৫/- | ১০০০/- |
| ৫। | শান্তিখালী বাজার | হিজলা | ২৪.০৩০/- | ৫০০/- |
| ৬। | হিজলা হাট-বাজার | হিজলা | ১,৪৩,৬৮৮/- | ১০০০/- |
| ৭। | নালুয়া হাট-বাজার | শিবপুর | ৬,৪৩,০০৫/- | ২,০০০/- |
| ৮। | চিতলমারী হাট-বাজার | চিতলমারী | ৪৬,৬৮,৪১৫/- | ১০০০০/- |
| ৯। | আড়ুয়াবর্নী হাট-বাজার | চিতলমারী | ৩৫,৭২৫/- | ৫০০/- |
| ১০। | ঝালডাংগা হাট-বাজার | চিতলমারী | ১৪,৪২০/- | ৫০০/- |
| ১১। | খাসেরহাট হাট-বাজার | চরবানিয়ারী | ৫০,৮০,২৩৫/- | ১০৮০০/- |
| ১২। | বাবুগঞ্জ হাট-বাজার | চরবানিয়ারী | ২,৭৬,৫২০/- | ১২০০/- |
| ১৩। | কালিগঞ্জ হাট-বাজার | সন্তোষপুর | ১৬,৬৫,৯৭০/- | ৪০০০/- |

### শর্তাবলী:

০১। বাংলা ১৪৩০ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

০২। দপত্রদাতাকে দরপত্রের সাথে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফশিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের উপজেলা নির্বাহী অফিসার,চিতলমারী এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। গৃহীতব্য দরপত্রের সাথে জমাকৃত ৩০% টাকা হতে ২৫% টাকা ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% টাকা জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বাংলা বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা ইজারাদারকে প্রত্যার্পন করা হবে।

০৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর কর্তৃপক্ষ উপযুক্ত মনে করলে গ্রহণ করবেন।দুই বা ততোধিক দরপত্র দাতার দরপত্রে উল্লিখিত সর্বোচ্চ দর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪। যার দরপত্র অনুমোদিত হবে তাকে লিখিতভাবে জানানো হবে। দরপত্র দাতা অবহিত হবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত মূল্যের অবশিষ্ট ৭৫% টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিলসহ জামানত বাজেয়াপ্ত করা হবে।

০৫। অনুমোদন প্রাপ্ত দরপত্র দাতাকে অবহিত হবার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের উল্লিখিত ইজারা মূল্যের ১০% টাকা আয়কর এবং ১৫% টাকা মূল্য সংযোজন কর (ভ্যাট) হিসেবে নির্ধারিত কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের কপি অত্রাফিসে দাখিল করতে হবে।

০৬। ইজারাদারকে উপরোক্ত সমুদয় টাকা (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ফরমে চুক্তিপত্র সম্পাদন করে হাট বাজারের দখল বুঝে নিতে হবে।

০৭। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। প্রত্যেক বাজারের জন্য আলাদা সিলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক দরপত্র ক্রয় ও দাখিল করতে হবে। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না । একদফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

১০। সরকার অনুমোদিত রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। টোল আদায়ে রেট তালিকা আকারে হাট-বাজারের দৃশ্যমান স্থানে সর্বসাধারণের জ্ঞাতার্থে ইজারাদার কর্তৃক নিজ খরচায় টাংগিয়ে রাখতে হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে টোল আদায়ের রেইট কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না।

১১। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১২। ইজারাদার কর্তৃক নিয়মিত ভাবে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

১৩। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার সাব-লীজ দিতে পারবেন না।

চলতি পাতা-০২

১৪। হাট-বাজারের সীমানা বহাল রাখতে হবে। কোন অবৈধ ঘর নির্মাণ করা যাবে না। টোল আদায় ব্যতীত হাট-বাজারের কোন জায়গা অন্য কাজে ব্যবহার করা যাবে না।

১৫। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬। উদ্ধৃত দরের টাকার পরিমাণ অংক ও কথায় পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে এবং কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা বা লেখার উপর লেখা বা স্বাক্ষরবিহীন দরপত্র গ্রহণযোগ্য নয়।

১৭। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৮। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। ইজারা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

<u>দরপত্র (সিডিউল) প্রাপ্তির এবং দাখিলের স্থান ও তারিখ :</u>

ক) দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা,বাগেরহাট/ উপজেলা নির্বাহী অফিসার, চিতলমারী/ সহকারী কমিশনার (ভূমি),চিতলমারী/সোনালী ব্যাংক লিমিটেড,চিতলমারী শাখা,বাগেরহাট/ চিতলমারী থানা হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) সংগ্রহ করা যাবে।

খ) দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, বাগেরহাট/ উপজেলা নির্বাহী অফিসার, চিতলমারী/ সহকারী কমিশনার (ভূমি),চিতলমারী বাগেরহাট এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে গ্রহণ করা যাবে।

গ) দরপত্র পর্যায়ক্রমে নিম্নবর্ণিত তারিখ ও সময়ের মধ্যে যথাক্রমে ১ম দফা, ২য় দফা ও ৩য় দফার মতো গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, ১ম দফায় দাখিলকৃত দরপত্রের দর সন্তোষজনক না হলে বা পাওয়া না গেলে ২য় দফা এবং অনুরূপভাবে ২য় দফায় দরপত্র আহবানে দরপত্র পাওয়া না গেলে বা দরপত্র দর সন্তোষজনক না হলে ৩য় দফায় সিডিউল গ্রহণ করা হবে।

ঘ) তফশিল মোতাবেক ১ম দফায় দরপত্র আহবানে কোন হাট-বাজারের ইজারা সম্পন্ন হলে তা ২য় দফার দরপত্র আহবানের তফশিল হতে বাদ বলে গণ্য হবে। অনুরূপভাবে ২য় দফা ও ৩য় দফা দরপত্র আহবানে কোন হাট-বাজার ইজারা হলে তা তৎপরবর্তী সিডিউল হতে উক্ত হাট-বাজারের নাম বাদ বলে গণ্য হবে।

<u>দরপত্র ক্রয়ের দাখিলের দরপত্র খোলার তারিখ ও সময়:।</u>

| পর্যায় | দফা | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ম | ১ম বার | ০২/০২/২০২৩ তারিখ হতে ২২/০২/২০২৩ তারিখ পর্যন্ত | ২৩/০২/২০২৩ তারিখ দুপুর ০১:০০ টায় | ২৩/০২/২০২৩ তারিখ বিকাল ০৩:০০ টায় |
| | ২য় বার | ২৬/০২/২০২৩ তারিখ হতে ১২/০৩/২০২৩ তারিখ পর্যন্ত | ১৩/০৩/২০২৩ তারিখ দুপুর ০১:০০ টায় | ১৩/০৩/২০২৩ তারিখ বিকাল ০৩:০০ টায় |
| | ৩য় বার | ১৪/০৩/২০২৩ তারিখ হতে ২২/০৩/২০২৩ তারিখ পর্যন্ত | ২৩/০৩/২০২৩ তারিখ দুপুর ০১:০০ টায় | ২৩/০৩/২০২৩ তারিখ বিকাল ০৩:০০ টায় |
| ২য় | ১ম বার | ২৭/০৩/২০২৩ তারিখ হতে ০৪/০৪/২০২৩ তারিখ পর্যন্ত | ০৫/০৪/২০২৩ তারিখ দুপুর ০১:০০ টায় | ০৫/০৪/২০২৩ তারিখ বিকাল ০৩:০০ টায় |
| | ২য় বার | ০৬/০৪/২০২৩ তারিখ হতে ২৪/০৪/২০২৩ তারিখ পর্যন্ত | ২৫/০৪/২০২৩ তারিখ দুপুর ০১:০০ টায় | ২৫/০৪/২০২৩ তারিখ বিকাল ০৩:০০ টায় |
| | ৩য় বার | ২৬/০৪/২০২৩ তারিখ হতে ১০/০৫/২০২৩ তারিখ পর্যন্ত | ১১/০৫/২০২৩ তারিখ দুপুর ০১:০০ টায় | ১১/০৫/২০২৩ তারিখ বিকাল ০৩:০০ টায় |
| ৩য় | ১ম বার | ১৪/০৫/২০২৩ তারিখ হতে ২৫/০৫/২০২২৩ তারিখ পর্যন্ত | ২৮/০৫/২০২৩ তারিখ দুপুর ০১:০০ টায় | ২৮/০৫/২০২৩ তারিখ বিকাল ০৩:০০ টায় |
| | ২য় বার | ২৯/০৫/২০২৩ তারিখ হতে ১১/০৬/২০২৩ তারিখ পর্যন্ত | ১২/০৬/২০২৩ তারিখ দুপুর ০১:০০ টায় | ১২/০৬/২০২৩ তারিখ বিকাল ০৩:০০ টায় |
| | ৩য় বার | ১৩/০৬/২০২৩ তারিখ হতে ২৬/০৬/২০২৩ তারিখ পর্যন্ত | ২৭/০৬/২০২৩ তারিখ দুপুর ০১:০০ টায় | ২৭/০৬/২০২৩ তারিখ বিকাল ০৩:০০ টায় |

(সাইয়েদা ফয়জুন্নেছা)
উপজেলা নির্বাহী অফিসার
চিতলমারী, বাগেরহাট
ফোন: ০২৪৭৭৭৫৬৬৭১
ই-মেইল: unochitalmari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.০১১৪.০০০.৫৫.০০১.২২-৮১/১(১৫০)

তারিখ : ১৮মাঘ, ১৪২৯বঙ্গাব্দ। / ০১ ফেব্রুয়ারি, ২০২২খ্রিস্টাব্দ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।

০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।

০৩। পুলিশ সুপার,বাগেরহাট।

০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বাগেরহাট।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলোঃ-

০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, বাগেরহাট কালেক্টরেট, বাগেরহাট। তার নিকট ১০ (দশ) খানা দরপত্র ফরম বিক্রয় করার জন্য প্রেরণ করা হলো। প্রেরিত দরপত্র সমূহ নির্দ্ধারিত সময় সীমার মধ্যে বিক্রয় ও ধার্য তারিখে তাঁর কক্ষে একটি দরপত্র বাক্স রাখার জন্য এবং রক্ষিত দরপত্র বাক্সে দাখিলকৃত দরপত্র সমূহ সীলগালা অবস্থায় দরপত্র খোলার নির্দ্ধারিত সময়ের পূর্বে নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৬। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, চিতলমারী, বাগেরহাট।

০৭। উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/ফকিরহাট/মোল্লাহাট/কচুয়া/মোড়েলগঞ্জ/শরণখোলা/রামপাল/মোংলা, বাগেরহাট।

০৮। সহকারী কমিশনার(ভূমি), চিতলমারী, বাগেরহাট। তাঁর বরাবর ১০(দশ) খানা দরপত্র ফরম বিক্রয় করার জন্য প্রেরণ করা হলো। নির্দ্ধরিত মূল্যে বিক্রিত দরপত্রের মূল্য দরপত্র দাখিলের পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৯। অফিসার-ইন-চার্জ, চিতলমারী থানা, বাগেরহাট।

১০। উপজেলা............................................... অফিসার, চিতলমারী, বাগেরহাট।

১১। সহকারি প্রোগ্রামার, চিতলমারী, বাগেরহাট। তাকে বিজ্ঞপ্তিটি চিতলমারী ওয়েব সাইটে প্রকাশ এবং ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, চিতলমারী শাখা এতদ্‌সংগে তাঁর বরাবর ১০(দশ) খানা দরপত্র ফরম বিক্রয়ের নিমিত্ত প্রেরণ করা হলো। বিক্রয়লব্ধ অর্থ দরপত্র দাখিলের পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৩। চেয়ারম্যান.........................ইউনিয়ন পরিষদ(সকল), চিতলমারী, বাগেরহাট। তাঁর এলকাধীন হাট- বাজার ও গুরুত্বপূর্ণ স্থানে নোটিশ লটকিয়ে উল্লিখিত নোটিশ ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৪। সাব- রেজিষ্টার, চিতলমারী, বাগেরহাট।

১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, চিতলমারী সদর/ চরবানিয়ারী/ কলিগাতী/কলাতলা ইউনিয়ন ভূমি অফিস, চিতলমারী,বাগেরহাট। তার এলকাধীন হাট-বাজার সমূহে নোটিশ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৬। পোষ্ট মাষ্টার, চিতলমারী বাজার শাখা, চিতলমারী, বাগেরহাট।

১৭। জনাব ঃ.........................................পিতা ঃ...................................................
ডাকঘর ঃ.........................................উপজেলা ঃ................................ইজারাদার।

১৮। নোটিশ বোর্ড।

১৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
চিতলমারী,বাগেরহাট